



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



প্রেস রিলিজ

২০ সেপ্টেম্বর ২০২২

নারী সাফ চ্যাম্পিয়নশীপে নেপালকে হারিয়ে ইতিহাস গড়লো বাউবির শিক্ষার্থী সাবিনা

নারী সাফ ফুটবল চ্যাম্পিয়নশীপে নেপালকে হারিয়ে প্রথমবার শিরোপা জিতেছে বাংলাদেশ দল। শিরোপা জয়ী বাংলাদেশ দলের গর্বিত অংশীদার ছিলেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী সাবিনা খাতুন। বাউবির শিক্ষার্থী সাবিনার নারী সাফ চ্যাম্পিয়নশীপে দক্ষিণ এশিয়ার শ্রেষ্ঠত্বের মকুট জয়ে উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন ও ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন।

নারী সাফ চ্যাম্পিয়ন বাংলাদেশ দলের গৌরবময় অর্জনের জন্য বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় সকল খেলোয়াড়কে এবং সফল ভাবে পরিচালনা করে কৃতিত্বপূর্ণ বিজয় উপহার দেয়ার জন্য অধিনায়ক সাবিনা খাতুনকে জানাচ্ছে আন্তরিক ধন্যবাদ, প্রাণঢালা অভিনন্দন ও শুভেচ্ছা। একই সঙ্গে তাকে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থীদের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন। অধিনায়ক সাবিনা খাতুন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের একজন গর্বিত শিক্ষার্থী। সাবিনা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে ২০১২ সালে এসএসসি ও ২০১৫ সালে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে বর্তমানে বাউবির স্নাতক প্রোগ্রামের একজন শিক্ষার্থী। তার শিক্ষার্থী নম্বর ১৭-০-২৩-৮৮০-২০৯।



সেরা খেলোয়াড় ও সর্বোচ্চ গোলদাতার পুরস্কার হাতে সাবিনা

সাবিনা বাউবির সাতক্ষীরা সরকারি উচ্চ বিদ্যালয় স্টাডি সেন্টার থেকে এসএসসি, সাতক্ষীরা সরকারি মহিলা কলেজ স্টাডি সেন্টার থেকে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে বর্তমানে তিনি সাতক্ষীরা সরকারি কলেজ স্টাডি সেন্টারে স্নাতক প্রোগ্রামে অধ্যয়ন করছেন।

সাবিনা ১৯৯৩ সালের ২৫ অক্টোবর সাতক্ষীরা জেলার সবুজবাগ গ্রামে জন্ম গ্রহণ করেন। তার বাবার নাম মোঃ সৈয়দ আলী গাজী। মায়ের নাম, মোসাম্মৎ মমতাজ বেগম। তিনি ৫ বোনের মধ্যে ৪র্থ। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের পরিবার সাবিনার অসামান্য কৃতিত্বের জন্য গর্বিত। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় জীবনের প্রতি ক্ষেত্রে সাবিনার সাফল্য কামনা করছে।

স্বাক্ষর

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)